

বাংলাদেশ স্কাউটস, জাতীয় সদর দফতর
৬০, আঞ্জুমান মুফিদুল ইসলাম রোড, কাকরাইল, ঢাকা-১০০০।

পত্র নং: বা:স্কা:(গা:-ই:-স্কা:)/১৯৪৯(৪০০)/২৪

তারিখ : ১৫ ফাল্গুন ১৪৩০
২৮ ফেব্রুয়ারি ২০২৪

সম্পাদক

ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, সিলেট, দিনাজপুর, কুমিল্লা, ময়মনসিংহ, রোভার, রেলওয়ে, নৌ ও এয়ার অঞ্চল।

বিষয় : “আন্তর্জাতিক নারী দিবস” উদযাপন উপলক্ষে আয়োজিত প্রতিযোগিতায় অংশগ্রহণ সম্পর্কীয়।

জনাব

আমাদের সমাজে নারীদের প্রতি এখনও বৈষম্য স্পষ্ট। তাইতো নারী-পুরুষের সমান অধিকারের দাবিতে ৮মার্চ সারা বিশ্ব জুড়ে পালিত হয় “আন্তর্জাতিক নারী দিবস”। প্রতি বছর বাংলাদেশ স্কাউটস, গার্ল-ইন-স্কাউটিং বিভাগ “আন্তর্জাতিক নারী দিবস” উদযাপন করে থাকে। তারই ধারাবাহিকতায় গার্ল-ইন-স্কাউটিং বিভাগের উদ্যোগে আগামী ৮মার্চ ২০২৪ “আন্তর্জাতিক নারী দিবস” উপলক্ষে বিভিন্ন প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। এই প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য সকল অঞ্চল, জেলা এবং উপজেলা থেকে গার্ল-ইন-কাব, স্কাউট এবং রোভার এর কাছ থেকে নিম্নোক্ত ছকের নির্দেশনা মোতাবেক প্রতিযোগিতায় অংশগ্রহণের আহবান করা হচ্ছে। প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের মধ্য থেকে ৩টি শাখায় ১ম, ২য়, ৩য় স্থান নির্ধারণপূর্বক পুরস্কার প্রদান করা হবে।

ক্রম:	শাখা	প্রতিযোগিতার বিষয়
১.	গার্ল-ইন-কাব	চিত্রাঙ্কন : আমার চোখে আদর্শ নারী (কার্টিজ পেপার: সাইজ-১০"/১৫" মাধ্যম: যে কোনো প্রকার রং)
২.	গার্ল-ইন-স্কাউট	রচনা : সমাজ উন্নয়নে গার্ল-ইন-স্কাউটিং (অনুর্ধ্ব ১০০০ শব্দ)
৩.	গার্ল-ইন-রোভার স্কাউট	রচনা : নারীর ক্ষমতায়নে বেগম রোকেয়ার ভাবনা (অনুর্ধ্ব ১৫০০ শব্দ)

উল্লিখিত বিষয়ে স্বহস্তে লিখিত রচনা এবং অংকন আগামী ৫ মার্চ ২০২৪ তারিখের মধ্যে জাতীয় সদর দফতর, গার্ল-ইন- স্কাউটিং বিভাগে সরাসরি/পোস্ট/কুরিয়ারের মাধ্যমে হার্ড কপি প্রেরণ করতে হবে। উক্ত আয়োজনে আপনার অঞ্চলের অংশগ্রহণ নিশ্চিতকরণে প্রয়োজনীয় সহযোগিতা একান্ত কাম্য।

লেখা পাঠানোর ঠিকানাঃ

সহকারী পরিচালক (গার্ল-ইন-স্কাউটিং)

জাতীয় সদর দফতর, বাংলাদেশ স্কাউটস

৬০, আঞ্জুমান মুফিদুল ইসলাম সড়ক, কাকরাইল, ঢাকা।

মোবাইল: ০১৭৭৬৩০০২৭৬

Signature
28.02.24

(মোছাঃ জান্নাতুল ফেরদৌস)

সহকারী পরিচালক (গার্ল-ইন-স্কাউটিং)

বাংলাদেশ স্কাউটস।

বিতরণ : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে :

- ১। প্রফেশনাল স্কাউট এক্সিকিউটিভ (সকল), বাংলাদেশ স্কাউটস।
- ২। সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, সকল জেলা/ জেলা রোভার/ জেলা রেলওয়ে/জেলা নৌ/ জেলা এয়ার।

সদয় জ্ঞাতার্থে :

- ১। জাতীয় কমিশনার (গার্ল-ইন-স্কাউটিং), বাংলাদেশ স্কাউটস;
- ২। জাতীয় উপ কমিশনার (গার্ল-ইন-স্কাউটিং), সকল, বাংলাদেশ স্কাউটস;
- ৩। নির্বাহী পরিচালক, বাংলাদেশ স্কাউটস;
- ৪। আঞ্চলিক কমিশনার (সকল), বাংলাদেশ স্কাউটস।